দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 JUL 1994 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৭ ...

29

# বরিশাল মেডিক্যাল কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ

বরিশাল অফিস ॥ শেরে-বাংলা মেডিকেল কলেজে ছাত্র রাজনীতি ও ছাত্র সাংগঠনিক তৎপরতা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। শনিবার একাডেমীক কাউন্সিলের এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। কলেজের হোস্টেলের সিট নূতন করিয়া পুরাতন ছাত্রদের মধ্যে বন্টন করা হইবে। দীর্ঘ কয়েক বছর যাবৎ দুইটি বৃহৎ ছাত্র সংগঠন দুইটি ছাত্রাবাস দখল করিয়া নবাগত ছাত্রদের দলভুক্ত করিয়া নিজেরাই সিট বরাদ্দ করিত। এই পরিস্থিতি দূর করার জন্য ৬ হইতে ৮ই জুলাই পর্যন্ত নূতন করিয়া একাডেমীক কাউন্সিল সিট বরাদ্দ করিবে। ছাত্রাবাস আচরণবিধিও তৈরী হইয়াছে। এই কারণে নবাগত শিক্ষার্থী ছাড়া সকল বর্ষের শিক্ষার্থীদের ৬ই জুলাই ছাত্রাবাসে রিপোর্ট করিতে বলা হইয়াছে। গত ১৬ই এপ্রিল ছাত্র সংঘর্ষের পর কলেজ বন্ধ ঘোষণার সাথে সাথে ছাত্রাবাসও বন্ধ করিয়া দেওয়া হইয়াছিল। ছাত্রাবাসে সিট বন্টনের পরবর্তী পরিস্থিতি বিশ্লেষণ শেষে ক্লাস চালুর তারিখ ঘোষণা করা হইবে বলিয়া অধ্যক্ষ গতকাল রবিবার জানান। তিনি বলেন, ছাত্রাবাসে এতদিন কোন নিয়ম-শৃংখলা ছিল না। ১৯৮১ সনের ছাত্র এখনও ছাত্রাবাসে বাস করিতেছে।